N GOING ON 2019-20
PLAYGROUP TO CLASS VI
st bad-less English medium School of the city where children will develop a passion for learning in a creative environment.
INTERNATIONAL GRAMMAR SCHOOL, KHULNA
01735585311-2 mailbox@khulnaigs.com khulnaigs.com

দৈনিক পূর্বাঞ্চল
প্রতিষ্ঠাতা ঃ মরহুম আইনুল হক, প্রতিষ্ঠাতা সম্পাদক ঃ মরহুম আলহাজ্ব লিয়াকত আলী
The Daily Purbanchal
রেজিঃ নং কেএন ১০৫, ৫২তম বর্ষ ১৩৮ সংখ্যা বৃহস্পতিবার ৯ জ্যৈষ্ঠ ১৪২৬, ২৩ মে ২০১৯, ১৭ রমযান, ১৪৪০ হিজরি, মূল্য ৩.০০ টাকা www.purbanchal

ডায়াবেটিস
ডাঃ এ
চেম্বার
সিরিয়াল

ভারতের লোকসভা সবার সম্মিলিত

সুন্দরবনে বাঘের সংখ্যা ৮টি বেড়ে ১১৪টি

নিজস্ব সংবাদদাতা, মোংলাঃ তিন বছরে সুন্দরবনের বাঘের সংখ্যা ৮টি বেড়ে ১১৪টি হয়েছে। সুন্দরবনের বাঘের অবস্থা ২০১৮ সমীক্ষায় এ তথ্য পাওয়া গেছে। ২২ মে বিকেলে ঢাকার আগারগাঁও বন ভবনে বন অধিদপ্তরের আয়োজনে সুন্দরবনের বাঘ জরিপের ফলাফল প্রকাশ এবং রিপোর্ট এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন এমপি এবং বিশেষ অতিথি ছিলেন উপমন্ত্রী বেগম হাবিবুন নাহার এমপি। বুধবার বিকেল ৪টায় বাঘ জরিপ ফলাফল প্রকাশ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান বন সংরক্ষক মোহাম্মদ সফিউল আলম চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব আব্দুল্লাহ আল মোহসীন চৌধুরী, অতিরিক্ত সচিব ড. মোঃ বিল্লাল হোসেন এবং ইউএসএইডের মিশন ডিরেক্টর জেইনাহ সালাহী। ঢাকার মিরপুরের আগারগাঁও বন ভবনে বন অধিদপ্তর আনুষ্ঠানিকভাবে বাঘ শুমারি ২০১৮'র ফলাফল জানান। ২০১৫ সালের বাঘ শুমারিতে সুন্দরবনের বাঘের সংখ্যা ছিলো ১০৬টি। তখন প্যাগমার্ক (পায়ের ছাপ) পদ্ধতিতে বাঘ গণনা করা হয়। ২০১৮ সালের বাঘ গণনা সর্বাধুনিক ক্যামেরা ট্র্যাপিং পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। ইউএসএইড বাঘ প্রকল্পের আওতায় বন অধিদপ্তর ২০১৮ সালে বাঘ গণনার কার্যক্রম শুরু করে। এ ব্যাপারে বন অধিদপ্তরকে সহায়তা করেন যুক্তরাষ্ট্রের স্মিথসনিয়ান কনজারভেশন ইনস্টিটিউটের ওয়াইল্ড টিম। আর গবেষণার তথ্য বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরীতে সহায়তা করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ। উল্লেখ্য, বনের ১ হাজার ৬৫৯ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে জরিপটি করা হয়। এরমধ্যে খুলনার ১৬৫ ও বাগেরহাটের ২৮৫ বর্গ কিলোমিটার এলাকা জরিপের আওতাভুক্ত ছিলো।